# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 14 April, 2025

লা লিগায় দ্বিতীয় এল ক্লাসিকোর সূচি প্রকাশ করেছে লিগ কর্তৃপক্ষ।ফলে দুই সপ্তাহের ব্যবধানে দুটি ক্লাসিকো দেখতে পারবে সমর্থকরা। লিগে বার্সেলোনা বনাম রিয়াল মাদ্রিদের রোমাঞ্চকর লড়াই মাঠে গড়াবে আগামী ১১ মে।কাতালান ক্লাবটির মাঠে বাংলাদেশ সময় রাত সোয়া আটটায় শুরু হবে ম্যাচটি।যেখানে সাত রাউন্ড বাকি থাকতে চিরপ্রতিদ্বন্দ্বীদের চেয়ে ৪ পয়েন্ট বেশি নিয়ে শীর্ষে আছে বার্সেলোনা।৩১ ম্যাচে তাদের পয়েন্ট ৭০।রিয়াল মাদ্রিদ ৬৬ পয়েন্ট নিয়ে আছে দুইয়ে।

গত শনিবার সবশেষ রাউন্ডে লেগানেসকে ১-০ গোলে হারায় বার্সা।পরদিন একই ব্যবধানে রিয়াল মাদ্রিদ জয় পায় আলাভেসের বিপক্ষে।

এদিকে লিগ ম্যাচটির আগে আগামী ২৬ এপ্রিল কোপা দেল রের শিরোপা লড়াইয়ে নামবে দুদল।চলতি মৌসুমে এর আগে আরও দুবার মুখোমুখি হয়েছে দল দুটি, প্রতিবারই বিপর্যস্ত হয়েছে রেয়াল মাদ্রিদ।

এর আগে লা লিগায় গত ২৬ অক্টোবর রিয়াল মাদ্রিদকে তাদের মাঠে ৪-০ গোলে বিধ্বস্ত করে বার্সেলোনা।পরে গত জানুয়ারিতে স্প্যানিশ সুপার কাপের ফাইনালে কার্লো আনচেলত্তির দলকে ৫-২ গোলে গুঁড়িয়ে শিরোপা উল্লাস করে হান্সি ফ্লিকের শিষ্যরা।

এল ক্লাসিকো লা লিগা বার্সেলোনা রিয়াল মাদ্রিদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:58

URL: https://www.timestodaybd.com/sports/775807788